

ফাতওয়া নম্বর: ৩৬২

প্রকাশকাল: ৩১-০৩-২০২৩ ইং

## হারাম সম্পদ দিয়ে ক্রয়কৃত বস্তু ব্যবহারের বিধান

### প্রশ্ন:

আমরা জানি, ব্যাংক কর্মকর্তার ব্যাংক-উপার্জনটা হারাম। তা থেকে হাদিয়া গ্রহণ করা জায়েয নেই। এখন এই ব্যক্তি তার হারাম উপার্জন থেকে যেই পণ্য ক্রয় করে রেখেছে, আমাদের জন্য কি তা ব্যবহার করা বৈধ হবে? যেমন, তার মালিকানাধীন কেতলি দিয়ে পানি গরম করে তা দিয়ে চা বানিয়ে পান করা? তার কেনা জায়নামাযে নামায পড়া ইত্যাদি।

-আবদুল হাফীয

### উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد:

হারাম সম্পদ দিয়ে ক্রয়কৃত বস্তু ক্রেতার জন্য ব্যবহার যেমন নাজায়েয, অন্যদের জন্যও ব্যবহার নাজায়েয। -বাদায়েউস সানায়ে: ৭/১৫৫, রদুল মুহতার: ৫/৯৮

সুতরাং যদি সেগুলো তার হারাম উপার্জন থেকে ক্রয়কৃত বলে আপনি নিশ্চিত হোন, তাহলে আপনাদের জন্যও তা ব্যবহার জায়েয হবে না। আর যদি হালাল সম্পদ দিয়ে ক্রয়কৃত বলে নিশ্চিত হোন, তাহলে ব্যবহার জায়েয।

আর যদি কোন সম্পদ দিয়ে ক্রয় করা হয়েছে তা নিশ্চিত না হোন, তাহলে দেখতে হবে, তার অধিকাংশ সম্পদ হালাল, না হারাম। যদি অধিকাংশ হালাল হয়, তাহলে ব্যবহার করতে পারবেন। অধিকাংশ হারাম হলে,

ব্যবহার করতে পারবেন না।-আল মুহিতুল বুহানী: ৫/৩৬৭, ফতোয়ায়ে  
হিন্দিয়া: ৫/৩৪২

তবে ওই জায়নামায়ে আদায়কৃত নামায সহীহ হয়েছে। পুনরায় তা আর  
আদায় করতে হবে না। -মাবসুতে সারাখসী: ৬/৫৭, বাহরুর রায়েক:  
২/১৪৯

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



১৭-৭-৪৪

০৯-২-২৩